Praggapon Anudan-13- 14

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০২৭.৩১.০৩৯.১৪.৩৭৫

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ ১৪২২ / ১০ জুন ২০১৫

প্রজ্ঞাপন

চলচ্চিত্র শিল্পে মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী, রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকারি পৃষ্ঠপোষকতা ও সহায়তা প্রদানের উদ্দেশ্যে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান কমিটির সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে নির্বাচিত গল্প/কাহিনী/চিত্রনাট্য অবলম্বনে নিম্নের ছকে উল্লিখিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের নিমিত্ত প্রযোজককে ২০১৪-২০১৫ অর্থ বছরে নিম্নেবর্ণিত শর্তে অনুদান প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে :

ক্রঃ নং	চলচ্চিত্রের নাম	পরিচালকের নাম	প্রযোজকের নাম
১)	ড্রেসিংটেবিল	অঞ্জন সরকার জিমি	জনাব মোহাম্মদ ফরহাদ হাসান
২)	সবুজ ঘুড়ি (শিশুতোষ)	জনাব কবীর বাবু	জনাব এহসানুল আজিজ বাবু
৩)	আমার সোনার বাংলা (প্রামাণ্যচিত্র)	জনাব আবদুল্লাহ আল মামুন ওরফে মৃদুল মামুন	জনাব আবদুল্লাহ আল মামুন ওরফে মৃদুল মামুন
৪)	নেপেন দারোগার দায়ভার	জনাব আবু সাইদ মোঃ মেহেদী হাসান	জনাব আবু সাইদ মোঃ মেহেদী হাসান
৫)	বিজয়িনী	মিজ শারমিন সুলতানা শর্মী	মিজ শারমিন সুলতানা শর্মী

অনুদানের শর্তাবলি :

০১. সরকারের পূর্বানুমতি ব্যতীত গল্প/চিত্রনাট্যের কোন পরিবর্তন করা যাবে না;

০২. অনুদান প্রাপ্ত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ অনুদানের প্রথম চেক প্রাপ্তির তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে সমাপ্ত করতে হবে। তবে স্ক্রীপ্টের প্রয়োজনে/অনিবার্য কারণে/বিশেষ বিবেচনায় এ সময় বৃদ্ধি করা যাবে;

০৩. অনুদানে নির্মিত প্রতিটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রক্ষেপণ সময় (স্থিতি) ৩৫ থেকে ৫৫ মিনিট হতে হবে। তবে বিশেষ প্রয়োজনে অনুদান কমিটির বিবেচনায় সঙ্গত মনে হলে এ স্থিতিকাল পুন:নির্ধারণ করা যাবে;

০৪. অনুদান প্রাপ্তির জন্য মনোনীত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের নির্মাণ শুরু করার নিমিত্ত অনুদানের ৩০% অর্থ প্রদান করা হবে। অনধিক ২ মাসের মধ্যে চলচ্চিত্রের কমপক্ষে ৩০% চিত্রায়নের পর তা অনুদান উপ-কমিটি কর্তৃক (চিত্রায়িত অংশ) সন্তোষজনক বিবেচিত হলে অনুদানের দ্বিতীয় কিস্তিতে অনূর্ধ্ব ৪০% অর্থ প্রদান করা হবে। তবে বিশেষ বিবেচনায় স্ক্রীপ্টের প্রয়োজনে এ সময় ৩ মাস করা যেতে পারে।

০৫. সম্পূর্ণ চলচ্চিত্রের সম্পাদিত রাশ ও ডাবিংকৃত সংলাপ অনুদান কমিটি কর্তৃক পরীক্ষার পর কমিটির সন্তুষ্টি সাপেক্ষে অবশিষ্ট ৩০% অর্থ প্রদান করা হবে।

০৬. স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের নির্মাণ, অর্থ বছরের অবশিষ্ট সময় ইত্যাদিসহ বিশেষ বিবেচনায় কর্তৃপক্ষ ১ম ও ২য় কিস্তির টাকা একসঙ্গে ছাড় করতে পারবেন। এ ক্ষেত্রে ৩য় কিস্তির (শেষ কিস্তি) টাকা ছাড়ের পূর্বে চলচ্চিত্রটির নির্মাণ কাজ শেষ করতে হবে। অতপর: সম্পূর্ণ রাশ প্রিন্ট দেখে অনুদান কমিটির সিদ্ধান্ত অনুসারে অর্থ ছাড় করা হবে।

০৭. অনুদানে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র মৌলিক নয় বলে প্রমাণিত হলে প্রযোজক অনুদান হিসেবে গৃহীত সমুদয় অর্থ ও সেবার মূল্য রাষ্ট্রীয় কোষাগারে প্রচলিত সুদসহ ফেরত দিতে বাধ্য থাকবেন;

০৮. উপযুক্ত কারণ ছাড়া যদি প্রযোজক অনুদান প্রাপ্ত চলচ্চিত্র নির্মাণ অসম্পূর্ণ অবস্থায় ফেলে রাখেন তবে এ চলচ্চিত্রের নির্মাণের সাথে জড়িত সকল মালামাল ও বিষয় সম্পত্তি সরকার গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে এবং প্রদত্ত অনুদানের অর্থ সম্পূর্ণভাবে ফেরত পাওয়ার জন্য যে কোন ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

০৯. নির্মিত চলচ্চিত্রের ভাষা ও বিষয়বস্তু অবশ্যই জেন্ডার সংবেদনশীল হতে হবে;

১০. অনুদান প্রদানের পরও সরকার যে কোন যুক্তিসংগত শর্ত আরোপ করতে পারবে;

১১. অনুদান প্রাপ্ত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের সকল শিল্পী/কলাকুশলী বাংলাদেশী নাগরিক হতে হবে। তবে বিশেষ ভূমিকায় অংশগ্রহণের জন্য যদি কোনো বিদেশী কলাকুশলীদের প্রয়োজন হয়, মন্ত্রণালয়ের বিশেষ অনুমতিক্রমে উক্তরূপ কলাকুশলীরা অংশগ্রহণ করতে পারবেন;

১২. উপরের ছকে বর্ণিত প্রস্তাবিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের জন্য প্রত্যেক প্রযোজক ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অর্থ অনুদান পাবেন;

১৩. উক্ত আর্থিক অনুদান ছাড়াও প্রতিটি চলচ্চিত্র নির্মাণের জন্য বিনামূল্যে সর্বোচ্চ ২.০০ (দুই) লক্ষ টাকা মূল্যমানের বিএফডিসি'র সার্ভিস/সেবা সহায়তা প্রদান করা হবে। কোনো নির্মাতা এ সহায়তা না নিলে বিএফডিসি'র এই সার্ভিস/সেবা সহায়তা কোনক্রমেই নগদায়ন করা যাবে না;

১৪. সরকারি অনুদানে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র রাষ্ট্রীয় প্রয়োজনে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস এবং দেশী-বিদেশী চলচ্চিত্র উৎসবে প্রযোজককে অবহিত রেখে অবাণিজ্যিক ভিত্তিতে প্রদর্শনের অধিকার সরকার সংরক্ষণ করবে;

১৫. অনুদানের অর্থ গ্রহণের পর অনুমোদিত সময়ের মধ্যে চলচ্চিত্র নির্মাণ না করা হলে প্রযোজককে সমুদয় অর্থ রাষ্ট্রীয় কোষাগারে জমা দিতে হবে;

চলমান পৃষ্ঠা-২

পূর্ব পৃষ্ঠার পর

১৬. কোন প্রযোজক অনুদানের অর্থ গ্রহণের পরে দ্রব্যমূল্য বৃদ্ধি জনিত সমস্যা কিংবা অন্য কোন অজুহাতে অনুদানের অর্থ বৃদ্ধি কিংবা অন্য কোন ধরণের কোন সুবিধা দাবী করতে পারবেন না;

১৭. প্রস্তাবিত চলচ্চিত্র ডিজিটাল ফরমেটে কমপক্ষে **2K Resolution**-এ অথবা ৩৫ মি:মি: ফরমেটে নির্মাণ করা যাবে; তবে নির্মিত চলচ্চিত্রটি অবশ্যই বাংলাদেশের প্রেক্ষাগৃহে বিদ্যমান ব্যবস্থায় প্রদর্শনের উপযোগী হতে হবে।

১৮. নির্মিত চলচ্চিত্র জনসাধারণের জন্য প্রদর্শনের পূর্বে বিধি মোতাবেক বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের সনদ পত্র গ্রহণ করতে হবে;

১৯. সরকারি অনুদানে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের স্বত্ব কোন ভাবেই হস্তান্তর করা যাবে না;

২০. প্রযোজককে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র অনুদান নিয়মাবলীর বিধানাবলি যথাযথভাবে প্রতিপালন করবেন এবং সরকারি বিধি অনুযায়ী কর/ভ্যাট প্রদান করতে হবে;

২১. সুপারিশকৃত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের স্ক্রীপ্টসমূহের নির্মাণ পান্ডুলিপি পরীক্ষাপূর্বক পরামর্শ প্রদানের জন্য নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি পরামর্শক কমিটি গঠন করা হয়েছে:

(১) জনাব মানজারেহাসীন মুরাদ, চলচ্চিত্র ব্যক্তিত্ব, (২) বেগম শামীম আক্তার, চলচ্চিত্র নির্মাতা।

২২. পরামর্শক কমিটির পরামর্শ মোতাবেক প্রযোজকগণ শুটিং পান্ডুলিপি ও শুটিং পরিকল্পনা চূড়ান্ত করে মন্ত্রণালয় দাখিল করবেন এবং চূড়ান্তকৃত পান্ডুলিপি মোতাবেক চলচ্চিত্র নির্মাণ করবেন;

২৩. উপর্যুক্ত শর্তসমূহ পালনকল্পে নির্বাচিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের প্রযোজক অনতিবিলম্বে সরকারের সঙ্গে চুক্তি স্বাক্ষর করবেন এবং চলচ্চিত্রটি ডিজিটাল ফরমেটে নাকি ৩৫ মি:মি: ফরমেটে নির্মাণ করবেন তা লিখিতভাবে অবহিত করবেন;

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১০/৬/২০১৫

(মোঃ রবিউল ইসলাম)
উপ-সচিব(চলচ্চিত্র)
ফোন- ৭১৬০৪৬৩

নং-১৫.০০.০০০০.০২৭.৩১.০৩৯.১৪.**৩৭৫(২১)**

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ ১৪২২ / ১০ জুন ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বেগম তারানা হালিম, মাননীয় সংসদ সদস্য, ৩১৬ মহিলা আসন-১৬ বাড়ী ১, সড়ক-৩৬, ফ্ল্যাট এ/৩, বিজেন্সী রেডিয়েন্স, গুলশান ২, ঢাকা।
২। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
৫। জনাব মানজারেহাসীন মুরাদ, চলচ্চিত্র ব্যক্তিত্ব , বাড়ি নং-৮/এ, ১২/ক, রোড নং-৩০ (পুরাতন) ১৪(নতুন) প্লট নং-আদিত্য, সি-৫, ধানমন্ডি, ঢাকা
৬। মিজ সুবর্ণা মুস্তাফা, অভিনেত্রী, হাউজ নং ৩, রোড নং ৩/এ, ফ্লাট নং ১ ও ২, সেক্টর ৫, উত্তরা, ঢাকা।
৭। মিজ সামিয়া জামান, সাংবাদিক ও চলচ্চিত্র নির্মাতা, ৫বি, বাসা-৪, রাস্তা-৭৬, গুলশান-২, ঢাকা।
৮। বেগম শামীম আক্তার, চলচ্চিত্র নির্মাতা, বাড়ি নং-৮/২, ভুইয়া নিবাস, ফ্লাট নং-৭বি, সি-ব্লক, লালমাটিয়া, ঢাকা।
৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ
১২। ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
১৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৫। সহকারী সচিব(বাজেট-১), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন, প্রস্তাবক/ব্যবস্থাপনা পরিচালক, **ড্রেসিংটেবিল**, নাইনটিন হাউজ ৮২/১, রোড-২, ব্লক-এ, নিকেতন সোসাইটি, গুলশান-১, ঢাকা
১৮। জনাব এহসানুল আজিজ বাবু, প্রযোজক, **সবুজ ঘুড়ি**, সাবলাহন মিডিয়া, ৬/১১ ফ্ল্যাট, বি-৩, ব্লক-ই, লালমাটিয়া, ঢাক।
১৯। জনাব আবদুল্লাহ আল মামুন ওরফে মৃদুল মামুন, প্রযোজক, **আমার সোনার বাংলা (প্রামাণ্যচিত্র)**, ৪৯৮/৬, বাগানবাড়ী, সোনালীবাগ, মালিবাগ, ঢাকা-১২১৭।
২০। জনাব আবু সাঈদ মো: মেহেদী হাসান, প্রযোজক ও পরিচালক, **নেপেন দারোগার দায়ভার**, ৮২৭/৬, পশ্চিম কাজীপাড়া, ৩য় তলা, মিরপুর, ঢাকা-১২১৬
২১। মিজ শারমিন সুলতানা শর্মী, প্রযোজক ও পরিচালক, **বিজয়িনী**, কোহিনুর প্রোডাকশন, বাড়ী নং-৪৪, রোড নং-৩, ব্লক-জি (৩য় তলা), বনশ্রী, ম্যাড়াদিয়া, রামপুরা, ঢাকা

১০/৬/২০১৫

(মোঃ রবিউল ইসলাম)
উপ-সচিব(চলচ্চিত্র)